

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.৯৪০০.০১৭.২৭.০০১.১৬. ৭২০

তারিখ : ০৯ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ।  
২৪ আগস্ট, ২০১৬ খ্রিঃ।


### অফিস আদেশ

যেহেতু ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার হাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-২৩/১০২, তারিখ: ২৭/০৪/২০১৬ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে।

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর বিরুদ্ধে বিচারাধীন মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯৪০০.০১৭.২৭.০০১.১৬. ৭২০

তারিখ : ০৯ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ।  
২৪ আগস্ট, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব